ভোরের কাগজ

তারিখ 12 NOV 1998
পৃষ্ঠা ৭ কলাম ২

10

# টাঙ্গাইল পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষক কর্মচারীরা ১০ মাস ধরে বেতন পাচ্ছেন না

কে এস রহমান শফি, টাঙ্গাইল থেকে : টাঙ্গাইল পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষক ও কর্মচারীবৃন্দ ১০ মাস ধরে বেতন-ভাতাদি না পেয়ে মানবেতর জীবনযাপন করছেন। পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্পটি উন্নয়ন খাত থেকে রাজস্ব খাতে স্থানান্তরে দীর্ঘসূত্রতার কারণে এ সঙ্কট সৃষ্টি হয়েছে বলে জানা গেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, '৭৭ সালে টাঙ্গাইল ও পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প একনেক কর্তৃক অনুমোদিত হয়। '৮৪-৮৫ অর্থবছরে প্রকল্পটি এডিপির অন্তর্ভুক্ত হয়। কিন্তু ইতালি সরকার আর্থিক সাহায্য প্রদান না করায় সম্পূর্ণ সরকারি অর্থে প্রকল্পটি ৯৩ সালে পুনরায় একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রায় ১৬ কোটি ৩৯ লাখ টাকা ব্যয়ে প্রকল্পের প্রতিটি ইনস্টিটিউটে ৯০ জন করে কর্মকর্তা-কর্মচারীর পদের সংস্থান রাখা হয়। প্রকল্প শেষ হওয়ার পর '৯৫ সালের নভেম্বরে পরিকল্পনা মন্ত্রণালয় প্রকল্পটি উন্নয়ন খাত থেকে রাজস্ব খাতে স্থানান্তরের জন্য সুপারিশসহ সংস্থাপন মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠায়।

সংস্থাপন মন্ত্রণালয় '৯৬ সালের নভেম্বরে প্রতিটি ইনস্টিটিউটের জন্য ৮৭টি পদ রেখে প্রকল্পটি রাজস্ব খাতে স্থানান্তরের সম্মতি দিয়ে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করে। '৯৮ সালের এপ্রিলে দীর্ঘ ১৬ মাস পর অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের উন্নয়ন অনুবিভাগ-৮ প্রতিটি ইনস্টিটিউটে ৮৫টি পদ রাজস্ব বাজেটে দেওয়ার সম্মতি দেয়। গত ২৩ আগস্ট অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ অনুমোদন করে তা বাস্তবায়ন অনুবিভাগে প্রেরণ করে।

১৯৯১-৯২ সালে ইনস্টিটিউটে ছাত্রছাত্রী ভর্তি শুরু হয়। ইতিমধ্যে চারটি ব্যাচ পাস করে বের হয়। বর্তমানে প্রতিটি ইনস্টিটিউটে প্রায় ৪০০ ছাত্রছাত্রী অধ্যয়ন করছে। অথচ গত জানুয়ারি থেকে ইনস্টিটিউটের শিক্ষক-কর্মচারীরা কোনো বেতন-ভাতাদি পাচ্ছেন না। সরকারি বাজেট বরাদ্দ না থাকায় এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে জানা গেছে। বেতন-ভাতা না পেয়ে শিক্ষক-কর্মচারীরা পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন যাপন করছেন।